নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩২১ ১২ নভেম্বর ২০২৫

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নোবিপ্রবিতে ডিজিটাল অ্যাটেনডেন্স সিস্টেমের উদ্বোধন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ডিজিটাল অ্যাটেনডেন্স সিস্টেমের উদ্বোধন করা হয়েছে। আজ বুধবার (১২ নভেম্বর ২০২৫) সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল প্রশাসনিক ভবনে স্থাপিত অত্যাধুনিক এ অ্যাটেনডেন্স সিস্টেমের উদ্বোধন করেন।

এ সময় উপাচার্য বলেন, অ্যাটেনডেন্সের ক্ষেত্রে আমরা যে ডিজিটাল সিস্টেমে যাচ্ছি এ ক্ষেত্রে সবার সহযোগিতা প্রয়োজন। আমরা চাই আমাদের যে দায়িত্বটুকু রয়েছে তা যথাযথভাবে সবাই পালন করুক। যারা সঠিক সময়ে অফিসে হাজিরা নিশ্চিত করবেন তাদের জন্য আমরা রিওয়ার্ড সিস্টেম চালু করবো। ডিজিটাল হাজিরার মাধ্যমে আমাদের কাছে যদি রেকর্ড থাকে সেক্ষেত্রে ডেডিকেশন এবং কর্মদক্ষতার উপর ভিত্তি করে বেস্ট পারফর্মেন্স অ্যাওয়ার্ড প্রদান করা হবে। আমরা চাই কাজের স্বচ্ছতা এবং ডিজিটালাইজেশনের মাধ্যমে একটি পেপারলেস ওয়ার্কপ্লেস  গড়ে তুলতে। বর্তমানে র‍্যাঙ্কিংয়ের ক্ষেত্রে ডিজিটালাইজেশনের বিষয়টি বিবেচনায় নেয়া হয়। একটি প্রতিষ্ঠান কতটুকু ডিজিটাল, পেপারলেস এবং গ্রিন এ বিষয়গুলো র‍্যাঙ্কিংয়ে ভালো অবস্থানে যাওয়ার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

উপাচার্য আরও বলেন, ডি-নথি নিয়ে আমাদের আরও কাজ করার সুযোগ রয়েছে। ফাইলের ব্যবহার কমিয়ে আমরা যতো বেশি ডিজিটালাইজড করতে পারবো ততো বেশি আমাদের কাজের গতি আসবে। আমাদের পিছিয়ে যাওয়ার কোনো সুযোগ নেই। আধুনিক যে কোনো প্রযুক্তির সুবিধা আমাদের গ্রহণ করতে হবে। আমরা আজ প্রাথমিকভাবে কয়েকটি দপ্তরে এ কার্যক্রম শুরু করলাম। পরে প্রতিটি দপ্তরে এটি চালু করা হবে। সবাই মিলে একসঙ্গে কাজ করলে র‍্যাঙ্কিংসহ প্রতিটি ক্ষেত্রে এ বিশ্ববিদ্যালয় এগিয়ে যাবে বলে মনে করি।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ, রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, নোবিপ্রবি প্রক্টর এ এফ এম আরিফুর রহমান, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরীসহ শিক্ষক, নোবিপ্রবি বিভিন্ন দপ্তরের  কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

উল্লেখ্য, পরীক্ষামূলকভাবে স্থাপিত এ ডিজিটাল অ্যাটেনডেন্স সিস্টেমে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার দপ্তরের ব্যক্তিগত শাখা ও পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ডিজিটালি অফিস অ্যাটেনডেন্স প্রদান করবেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪